

এশিয়ান ইউনিভার্সিটি অভি বাংলাদেশের সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী  
**উচ্চশিক্ষার মান সমুন্নত রাখতে হবে**

ঢাকা, ১০ ডিসেম্বর ২০১৭

এশিয়ান ইউনিভার্সিটি অভি বাংলাদেশের ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠান আজ ঢাকায় আঙ্গলিয়ার টংগাবাড়িতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সমাবর্তন বক্তা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. আখতারজ্জামান।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা সম্প্রসারণের সাথে সাথে শিক্ষার মান সমুন্নত রাখতে হবে। তাহলেই যোগ্য গ্রাজুয়েট তৈরি করা সম্ভব। উচ্চ শিক্ষা লাভকারী নতুন প্রজন্মের গ্রাজুয়েটবৃন্দ দেশ ও জাতির ভবিষ্যৎ গড়ে তোলার জন্য গুরুত্বপূর্ণ শক্তি বলে তিনি মন্তব্য করেন।

শিক্ষামন্ত্রী বলেন, ব্যবসা ও মুনাফার চিন্তা বাদ দিয়ে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষায় অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসতে হবে। এজন্য শিক্ষার পরিবেশ নিশ্চিত করা ও পরিচালনা ব্যবস্থার মান উন্নয়ন গুরুত্বপূর্ণ। প্রতিযোগিতামূলক বিশ্বে উন্নত মানের উচ্চ শিক্ষাব্যবস্থা গড়ে তোলার ব্যাপারে বিশ্ববিদ্যালয়গুলোকে আরো সচেতন হতে হবে।

শিক্ষামন্ত্রী বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে শিক্ষাকার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করে বলেন, ন্যূনতম শর্ত পূরণ না করলে তারা বেশী দিন চলতে পারবেন না। জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশনফিসহ অন্যান্য ব্যয় একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত নির্ধারিত রাখারও আহবান জানান মন্ত্রী।

নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে উন্নেখ করে শিক্ষামন্ত্রী বলেন, সমাজে ইতিবাচক পরিবর্তন আনার জন্য তাদেও মেধা ও প্রজ্ঞাকে কাজে লাগাতে হবে। তাদেরকে দায়িত্বশীল দেশপ্রেমিক নাগরিক হিসেবে বিজ্ঞান-প্রযুক্তিতে দক্ষ, সৎ এবং নেতৃত্বক মূল্যবোধসম্পন্ন পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। জ্ঞান ও মেধার প্রয়োগে সৃজনশীল হওয়ার জন্য তিনি তাদের প্রতি আহবান জানান।

অনুষ্ঠানে অন্যান্যে মধ্যে এশিয়ান ইউনিভার্সিটি অভি বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. জাফার সাদেক, উপাচার্য ড. আবুল হাসান মুহাম্মদ সাদেক এবং উপ-উপাচার্য প্রফেসর ড. এনামুল হক খান বক্তব্য রাখেন।

পরে শিক্ষামন্ত্রী কৃতি শিক্ষার্থীদের মাঝে পদক বিতরণ করেন।